



Board of Intermediate & Secondary Education, Sylhet

www.sylhetboard.gov.bd

eTender usage manual - ই-টেন্ডার ব্যবহার নির্দেশিকা

Prepared by

➤RootSoft IT_

www.rootsoftit.com

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ই-টেন্ডার কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার লক্ষ্যে নিম্নের নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করুন।

১ম ধাপঃ ই-টেন্ডার রেজিস্ট্রেশন

- প্রথমে আপনার কম্পিউটার বা ল্যাপটপ হতে etender.sylhetboard.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন। আপনি নতুন ইউজার হয়ে থাকলে “রেজিস্ট্রেশন” লিঙ্কে ক্লিক করে আপনার সঠিক মোবাইল, ই-মেইল ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য দিয়ে ই-টেন্ডার রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- ই-টেন্ডার পদ্ধতিতে রেজিস্ট্রেশন করার জন্য আপনি যে মোবাইল নম্বর ব্যবহার করেছেন তাতে রেজিস্ট্রেশন যাচাই কোড (Verification Code) সহ ই-টেন্ডার সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি এসএমএস যাবে। প্রথমবার লগ ইন করার সময় মোবাইলে প্রাপ্ত উক্ত যাচাই কোড (Verification Code) প্রদান করে আপনার মোবাইল নম্বর যাচাই (Verify) করুন।
- লক্ষ্য করুন, রেজিস্ট্রেশন করার সময় সতর্কতার সাথে আপনার মোবাইল নম্বর টাইপ করুন, কেননা এই মোবাইল নম্বরটি আপনার ই-টেন্ডার আইডি হিসাবে গণ্য হবে।

২য় ধাপঃ লগ ইন ও আবশ্যিক দলিলাদি/কাগজপত্র আপলোড

- রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর আপনার মোবাইল নম্বর ও রেজিস্ট্রেশনের সময় আপনার প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগ ইন করুন। এরপর উপরের মেন্যু থেকে আবশ্যিক নিবন্ধন কাগজপত্র মেন্যুতে ক্লিক করে আপনার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সকল হালনাগাদকৃত কাগজপত্রের সঠিক ভাবে স্ক্যান কৃত কপি আপলোড করুন। প্রতিটি ফাইলের সাইজ ২ মেগাবাইটের (2 MB) নিচে হতে হবে।

৩য় ধাপঃ সিডিউল/টেন্ডার ডকুমেন্ট ডাউনলোড

- আপনি যে গ্রুপ/প্যাকেজ এ আবেদন করতে চান, সেই গ্রুপ/প্যাকেজ এর সিডিউল/টেন্ডার ডকুমেন্ট কিনতে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর বিলার আইডি ২০৪ এ উক্ত গ্রুপ/প্যাকেজ এর সিডিউল/টেন্ডার ডকুমেন্ট এর নির্ধারিত মূল্য নিম্নের নিয়মে পরিশোধ করুনঃ

ধাপ ১ - ডায়াল *৩২২#

ধাপ ২ - অপশন বেছে নিনঃ "1. Payment"

ধাপ ৩ - অপশন বেছে নিনঃ "1. Bill Pay"

ধাপ ৪ - বিলার আইডি লিখুনঃ ২০৪

ধাপ ৫ - বিল নম্বর লিখুনঃ আপনার মোবাইল নম্বর (যেটি দিয়ে ই-টেন্ডার রেজিস্ট্রেশন করেছেন)

ধাপ ৬ - টাকার পরিমাণ লিখুনঃ (সিডিউল/টেন্ডার ডকুমেন্ট এর নির্ধারিত মূল্য)

ধাপ ৭ - পিন/পাসওয়ার্ড প্রবেশ করুনঃ XXXX

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত মূল্য পরিশোধ এর পর প্রাপ্ত ট্রানজেকশন আইডি সংরক্ষণ করুন ।

এরপর সিডিউল/টেন্ডার ডকুমেন্ট ডাউনলোড করতে ই-টেন্ডার লগইন করার পর প্রদর্শিত গ্রুপ/প্যাকেজ এর তালিকা হতে ডানদিকের “সিডিউল” বাটনে ক্লিক করুন । সিডিউল মূল্য পরিশোধ এর পর প্রাপ্ত ট্রানজেকশন আইডিটি টাইপ করে “ডাউনলোড করুন” বাটনে ক্লিক করে সিডিউলটি ডাউনলোড করে নিন।

৪র্থ ধাপঃ ই-টেন্ডার আবেদন

- আবশ্যিক দলিলাদি/কাগজপত্র আপলোড এবং গ্রুপ/প্যাকেজ এর সিডিউল ক্রয় করে ডাউনলোড সম্পন্ন করার পরে আপনি যে গ্রুপ/প্যাকেজ এ আবেদন করতে চান, প্রদর্শিত তালিকা হতে সেই গ্রুপ/প্যাকেজ এর ডানদিকের “আবেদন” বাটনে ক্লিক করুন।
- এরপর আপনার একক মূল্য, পে -অর্ডার তথ্য ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র, যেমনঃ ডাউনলোড কৃত সিডিউলের পুরন কৃত স্ক্যান কপি, জামানত পে-অর্ডার স্ক্যান কপি, অভিজ্ঞতার সনদ, ইত্যাদি আপলোড করে নিচের “Next Step” বাটনে ক্লিক করুন। এখানে প্রতিটি ফাইলের সাইজ ২ মেগাবাইটের (2 MB) নিচে হতে হবে।
- আপনার দেয়া তথ্যাদি সতর্কতার সাথে মিলিয়ে নিন, প্রয়োজনে তথ্য পরিবর্তন করে নিন।
- সব কিছু ঠিক থাকলে নিচের “Final Submit” বাটনে ক্লিক করে ই-টেন্ডার আবেদন সম্পন্ন করুন।
- লক্ষ্য করুন, “Final Submit” বাটনে ক্লিক করে ই-টেন্ডার আবেদন সম্পন্ন করার পর আর কোনো তথ্য পরিবর্তন করা যাবে না।

বিশেষ দৃষ্টব্যঃ

- “Secretary & Chairman, Board of Intermediate and Secondary Education Sylhet”,
Account no: 190.120.2348
Dutch Bangla Bank Ltd
Shahjalal Uposhahor Branch, Sylhet

এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে উক্ত ড্রাফট স্ক্যান করে অনলাইনে আবেদন করার সময় উপরোক্ত ৪র্থ ধাপে সাবমিট করতে হবে। মূল কপি নির্ধারিত সময়ে ডাচ-বাংলা ব্যাংক লিঃ এর যে কোন শাখায় অবশ্যই জমা করতে হবে।

- মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সিডিউল মূল্য পরিশোধ এর সময় সতর্কতার সাথে পেমেন্ট করুন এবং ট্রানজেকশন আইডি ভবিষ্যতের জন্য সংরক্ষণে রাখুন।
- শেষ সময়ের অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে ই-টেন্ডার আবেদন সম্পন্ন করুন।

প্রয়োজনে যোগাযোগ করুনঃ

ই-মেইল : info@rootsoftit.com

মোবাইল : 01717023978

(সকাল ১০.০০টা হইতে সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)

প্রকল্প বাস্তবায়নে

➤RootSoft IT_

www.rootsoftit.com